

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৮৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি যখন কোন সালাতে ত্রুটি করে, তখন তার আমলনামায় কিছু সালাতের কমতি লিপিবদ্ধ করা হয়

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ يُكتب لَهُ بَعْضُ صَلَاتِهِ إِذَا قصَّر فِي الْبَعْضِ الْآخَرِ

আরবী

1887 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّد بْنِ أَبِي مَعْشَرٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ عَنْ أَبِي سَعِيدٍ عَنْ أَبِي هَرَيْرَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ الْمَسْجِدَ فَدَخَلَ رَجُلُّ فَصَلَّى عَنْ أَبِي هُرِيْرَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (ارْجِعْ فَصَلِّ فَإِنَّكَ لَمْ تُصَلِّ) ثُمَّ جَاءَ فَجَلَسَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (ارْجِعْ فَصَلِّ فَإِنَّكَ لَمْ تُصَلِّ) حَتَّى فَعَلَ ذَلِكَ ثَلَاثَ مَرَّاتٍ فَقَالَ الرَّجُلُّ: وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ مَا أَعْرِفُ غَيْرَ هَذَا فعلِّمني قَالَ: (إِذَا قُمْتُ إِلَى الصَّلَاةِ فَكَبِّرْ وَاقْرَأْ مَا تَيَسَّرَ مَعَكَ مِنَ الْقُرْآنِ ثُمَّ ارْفَعْ حَتَّى تَطْمَئِنَّ وَالْذِي بَعَثَكَ بِالْحَقِّ مَا أَعْرِفُ حَتَّى تَطْمَئِنَّ وَاقْرَأْ مَا تَيَسَّرَ مَعَكَ مِنَ الْقُرْآنِ ثُمَّ ارْفَعْ حَتَّى تَطْمَئِنَّ وَاقْرَأْ مَا تَيَسَّرَ مَعَكَ مِنَ الْقُرْآنِ ثُمَّ ارْفَعْ حَتَّى تَطْمَئِنَّ وَاقْرَأً مَا تَيَسَّرَ مَعَكَ مِنَ الْقُرْآنِ ثُمَّ ارْفَعْ حَتَّى تَطْمَئِنَّ وَاقْرَأُ مَا تَيَسَّرَ مَعَكَ مِنَ الْقُرْآنِ ثُمَّ ارْفَعْ حَتَى تَعْتَدِلَ قَائِمًا ثُمَّ اسْجُدْ حَتَّى تَطْمَئِنَّ سَاجِدًا ثُمَّ ارْفَعْ حَتَّى تَطْمَئِنَّ عَلَى اللَّهُ وَلَيْلًى الْقُورِ فَيْ عَلَى الْمُ وَلَى الْمُعَلِّى الْمَائِلَ فَيْ صَلاتك كلها)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1887 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (1/

(802) ((صحيح أبي داود)) (321/289

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (وَاقْرَأُ مَا تَيَسَّرَ مَعَكَ مِنَ الْقُرْآن) يُريدُ فَاتِحَةَ الْكِتَاب

وَقَوْلُهُ: (ارْجِعْ فَصلِّ فَإِنَّكَ لَمْ تُصلِّ) نَفَى الصَّلَاةَ عَنْ هَذَا الْمُصلِّي لِنَقْصِهِ عَنْ حَقِيقَةِ إِنَّيَانِ مَا كَانَ عَلَيْهِ مِنْ فَرْضِهَا لَا أَنَّهُ لَمْ يُصلِّ فَلَمَّا كَانَ فِعْلُهُ نَاقِصًا عَنْ حَالَةِ الْكَمَالِ نَفَى عَنْهُ الِاسْمَ بِالْكُلِّيَّةِ.



## বাংলা

১৮৮৭. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মাসজিদে প্রবেশ করেন, অতঃপর এক ব্যক্তি মাসজিদে প্রবেশ করে সালাত আদায় করেন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বসেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেন, "তুমি ফিরে যাও এবং সালাত আদায় করো। কেননা তুমি সালাত আদায় করিন।" এভাবে তিনি তিনবার এরকম করেন। অতঃপর সে ব্যক্তি বলেন, "ঐ সন্তার কসম, যিনি আপনাকে হক সহ পাঠিয়েছেন, আমি এর চেয়ে ভালো সালাত আদায় করতে জানি না। কাজেই আপনি আমাকে শিক্ষা দিন (আমি কিভাবে সালাত আদায় করবো)।" রাসূল সাল্লাল্লাছু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "যখন তুমি সালাতে দাঁড়াবে, তখন তাকবীর দিবে এবং কুর'আন থেকে যা তোমার জন্য সহজ হয়, তা পাঠ করবে।তারপর রুক্' করবে, এমনকি রুক্' অবস্থায় প্রশান্ত হবে। তারপর রুক্' থেকে মাথা উত্তোলন করবে এমনকি সোজা হয়ে দাঁড়াবে। তারপর সাজদা করবে এমনকি সাজদায় প্রশান্ত হবে। তারপর মাথা উত্তোলন করবে এমনকি বসা অবস্থায় প্রশান্ত হবে। পুরো সালাতেই তুমি এরকমই করবে।"[1]

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী "কুর'আন থেকে যা তোমার জন্য সহজ হয়, তা পাঠ করবে" এর দ্বারা উদ্দেশ্য হলো সূরা ফাতিহা পাঠ করা এবং তাঁর বাণী "তুমি ফিরে যাও এবং সালাত আদায় করো। কেননা তুমি সালাত আদায় করনি" এর দ্বারা উদ্দেশ্য হলো সালাত আদায়কারী সেই সাহাবীর সালাতকে নাকচ করা, কেননা সালাতে তার উপর যা আদায় করা ফরজ ছিল, তা আদায়ে কমতি ছিল; এর দ্বারা এটা উদ্দেশ্য নয় যে, সে সালাত আদায় করেনি। সুতরাং তার কর্ম যখন পরিপূর্ণ অবস্থা থেকে কমতি ছিল, তখন তার ব্যাপারে তিনি পুরো সালাতকেই নাকচ করে দিয়েছেন।"

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৭৫৭; তিরমিয়ী: ৩০৩; সহীহ ইবনু খুয়াইমাহ: ৫৯০; তাহাবী: ১/২৩৩; সুনান বাইহাকী: ২/১২৪; আবূ দাউদ: ৮৫৬; মুসনাদ আহমাদ: ৩/৪৩৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৮০২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন